দৈনিক সংবাদ 020

তারিখ 19 MAR 1988
পৃষ্ঠা ৫ কলাম 3

# নামেই সরকারী প্রাথমিক বিদ্যালয়

বরগুনা, ১৭ই মার্চ (নিজস্ব সংবাদদাতা) ।—শুধু নামেই সরকারী প্রাথমিক বিদ্যালয়। পাথরঘাটা উপজেলার ছিমতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ২ শতাধিক ছাত্র-ছাত্রী সব রকম সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত।

পাথরঘাটা সদর ইউনিয়নের ২৫ নং ছিমতলা সরকারী প্রাথমিক বিদ্যালয়টি নির্মিত হয় পাকিস্তান আমলে, কিন্তু তারপর আর সংস্কার করা হয়নি। বর্তমানে জানালা-দরজা বলতে কিছুই নেই। জরাজীর্ণ বিদ্যালয় ভবনটি যে কোন মুহূর্তে ভেঙ্গে পড়তে পারে। বিদ্যালয়টির দরোজা-জানালা না থাকায় অনেকেই এখানেই গরু-ছাগল বেঁধে রাখে।

ছিমতলা প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ২ শতাধিক ছাত্র-ছাত্রীর জন্য বর্তমানে রয়েছেন মাত্র ৪ জন শিক্ষক, ৪টি চেয়ার এবং মাত্র ১টি টেবিল। আর আছে ৩টি ভাঙ্গা ব্লাক বোর্ড, মাত্র ১৭টি বেঞ্চ। অন্য কোন আসবাবপত্র নেই। বিদ্যালয়ে কোন বেড়া না থাকায় সব ছাত্র বসে একই সাথে। অন্যদিকে বিদ্যালয়ে পায়খানা-প্রস্রাবখানা নেই, নেই পানির জন্য কোন টিউবয়েল।